আতুরি ডাইনি

ক. ৩ নম্বরের প্রশ্ন — ৩টি

১। অপুর সঙ্গে আতুরী ডাইনির সাক্ষাৎ কীভাবে ঘটেছিল? এই ঘটনায় তার মনের ভয় ও আতঙ্কের পরিচয় দাও।

২। "তাহাকে একেবারে সমুখেই এভাবে দাঁড়াইয়া থাকিতে দেখিয়া অপুর সামনে পিছনে কোনো দিকেই পা উঠিতে চাহিল না"—উদ্ধৃত অংশটির প্রেক্ষাপট ব্যাখ্যা করে অপু ও নীলুর মানসিক অবস্থার পরিচয় দাও।

৩। আতুরী ডাইনির বাড়ি সম্পর্কে প্রচলিত ভয় ও কুসংস্কারের সঙ্গে বাস্তব ঘটনার কী পার্থক্য ছিল?

খ. ২ নম্বরের প্রশ্ন — ৫টি

১। নীলু কেন অপুকে নিয়ে দক্ষিণ মাঠে পাখির ছানা দেখতে যেতে চেয়েছিল?

২। "আতুরী ডাইনির বাড়ি"—এই কথাটি শুনে অপুর মুখ শুকিয়ে যাওয়ার কারণ কী?

৩। নীলু কেন আতুরী ডাইনির ভয়ে অপুর মতো বিচলিত হয়নি?

৪। আতুরী ডাইনিকে নিয়ে অপু কার কাছে কী গল্প শুনেছিল ?

গ. MCQ — ৪টি

১। নীলু ও অপু দক্ষিণ মাঠে যাওয়ার পথে কোন বিষয়টি দেখতে চেয়েছিল?

ক) নদীর ধারে নৌকা
খ) পাখির ছানা
গ) নতুন বাড়ি
ঘ) আমবাগানের দৃশ্য

২। নীলু ও অপু যে পথ দিয়ে যাচ্ছিল, সেটি কোন গাছের ধারের পথ ছিল?

ক) বটগাছ
খ) কাঁঠালগাছ
গ) বড় আমবাগান
ঘ) তালগাছ

৩। নীলু আতুরী ডাইনির বাড়ির কথা বলার পর অপু প্রথমে কী অনুভব করেছিল?

ক) প্রবল আনন্দ
খ) কৌতূহল
গ) ভয় ও আতঙ্ক
ঘ) বিস্ময় ও হাসি

৪। আতুরী ডাইনির বাড়িতে যাওয়ার পর অপুর ভয় ধীরে ধীরে কমে যাওয়ার প্রধান কারণ কী?

ক) নীলু তাকে সাহস দিয়েছিল
খ) আতুরী ডাইনির আচরণে স্নেহ ও মমতার প্রকাশ ঘটেছিল
গ) সে বাড়ির পথ চিনে ফেলেছিল
ঘ) সন্ধ্যা নেমে এসেছিল

৫। আতুরী ডাইনির চরিত্র সম্পর্কে কোন বক্তব্যটি সবচেয়ে যথার্থ?

ক) তিনি কেবলমাত্র ভয়ংকর ও নিষ্ঠুর প্রকৃতির ছিলেন।
খ) তিনি শিশুদের প্রতি সর্বদা বিরূপ আচরণ করতেন।
গ) লোকমুখে তাঁর যে ভয়ংকর পরিচয় প্রচলিত ছিল, বাস্তব আচরণে তার সম্পূর্ণ প্রতিফলন দেখা যায়নি।
ঘ) তিনি নীলু ও অপুকে ইচ্ছাকৃতভাবে ভয় দেখিয়েছিলেন।

. Assertion–Reasoning — ৫টি

নির্দেশ: নীচের প্রতিটি প্রশ্নে Assertion (A) এবং Reason (R)-এর মধ্যে সঠিক সম্পর্কটি নির্ণয় করো।

বিকল্প:
(ক) A এবং R উভয়ই সত্য এবং R, A-এর সঠিক ব্যাখ্যা।
(খ) A এবং R উভয়ই সত্য, কিন্তু R, A-এর সঠিক ব্যাখ্যা নয়।
(গ) A সত্য, কিন্তু R মিথ্যা।
(ঘ) A মিথ্যা, কিন্তু R সত্য।

১.Assertion (A): আতুরী ডাইনির বাড়ির নাম শুনেই অপুর মনে প্রবল ভয়ের সঞ্চার হয়েছিল।
Reason (R): ছোটবেলা থেকেই আতুরী ডাইনিকে ঘিরে নানা ভয়ংকর গল্প ও কুসংস্কার তার মনে গভীর প্রভাব ফেলেছিল।

2। Assertion (A): নীলু আতুরী ডাইনির নাম শুনে অপুর মতো ভীতসন্ত্রস্ত হয়ে পড়েনি।
Reason (R): নীলু আতুরী ডাইনিকে নিয়ে প্রচলিত ভয়কে সম্পূর্ণ সত্য বলে বিশ্বাস করত এবং সেই কারণেই সে নির্ভয়ে তার বাড়িতে যেতে চেয়েছিল।

3।Assertion (A): আতুরী ডাইনিকে সামনে দেখে অপু পালিয়ে যেতে পারেনি।
Reason (R): আতুরী ডাইনির আকস্মিক উপস্থিতি এবং অপুর প্রবল ভয়ের কারণে সে যেন একেবারে স্থবির হয়ে গিয়েছিল।

4।Assertion (A): আতুরী ডাইনির প্রতি অপুর ভয়ের ধারণায় ধীরে ধীরে পরিবর্তন ঘটেছিল।
Reason (R): আতুরী ডাইনির কথাবার্তা ও আচরণে অপুর প্রতি স্নেহ-মমতার প্রকাশ ঘটেছিল এবং সে অপুর মায়ের কথাও স্মরণ করেছিল।

5।Assertion (A): এই অংশে আতুরী ডাইনির চরিত্রটি লোকমুখে প্রচলিত ধারণার তুলনায় ভিন্নভাবে প্রতিভাত হয়েছে।
Reason (R): মানুষের সম্পর্কে প্রচলিত কুসংস্কার ও গুজব অনেক সময় বাস্তব সত্যকে আড়াল করে রাখে—এই ঘটনায় তারই একটি দৃষ্টান্ত পাওয়া যায়।